নিরাপত্তা ইস্যুতে অনড় থেকে ভারতে বিশ্বকাপ বর্জন বাংলাদেশ



সংগৃহীত ছবি

টি–টোয়েন্টি বিশ্বকাপ খেলতে ভারতে না যাওয়ার সিদ্ধান্তে অনড় বাংলাদেশ। বৃহস্পতিবার (২২ জানুয়ারি) ইন্টারকন্টিনেন্টালে ক্রিকেটারদের সঙ্গে বৈঠক শেষে যুব ও ক্রীড়া উপদেষ্টা ড. আসিফ নজরুল জানান, নিরাপত্তা শঙ্কার কারণে এই সিদ্ধান্ত বদলানোর সুযোগ নেই।

তিনি বলেন, ভেন্যু পরিবর্তনের অনুরোধে আইসিসি সাড়া না দেওয়ায় বাংলাদেশ সুবিচার পায়নি। বিসিবি আগেই চিঠিতে জানায়, বর্তমান পরিস্থিতিতে দলকে ভারতে পাঠানো সম্ভব নয়। কিন্তু আইসিসি স্পষ্ট করে দেয়, সূচি অপরিবর্তিত থাকবে এবং খেলতে হলে ভারতেই যেতে হবে।

মুস্তাফিজুর রহমানকে আইপিএল দল থেকে বিতর্কিতভাবে বাদ দেওয়ার ঘটনাকে কেন্দ্র করে দেশে প্রতিক্রিয়া তৈরি হয়। সরকার আইপিএল সম্প্রচার স্থগিত করে, বিসিবিও নিরাপত্তা নিয়ে উদ্বেগ প্রকাশ করে। তাদের প্রশ্ন, একজন খেলোয়াড়ের নিরাপত্তা নিশ্চিত না হলে পুরো দল, কর্মকর্তাদের নিরাপত্তা কীভাবে নিশ্চিত হবে।

এ প্রসঙ্গে বিসিবি একাধিকবার আইসিসির কাছে ম্যাচগুলো শ্রীলঙ্কায় সরানোর প্রস্তাব দেয়। কয়েক দফা আলোচনা হলেও আইসিসি মুস্তাফিজের ঘটনাকে বিশ্বকাপের নিরাপত্তা প্রসঙ্গে প্রাসঙ্গিক মনে করেনি। তবু বাংলাদেশ তাদের অবস্থানে অনড় রয়েছে।

LENS ASIA